



Abdul



Jorge




Sue



Rose



Sophie



Bank Clerk

English	Bengali
ABDUL	আবদুল
You're going to wear that? On your first date? No way, man. Here. Wear my jacket. This will really impress her.	তুমি ওটা পরতে যাচ্ছ? তোমার প্রথম ডেটিংয়ের দিন? কোনভাবেই হবে না, বন্ধু। এই নাও। আমার জ্যাকেটটা পরো। এটা তাকে সত্যিই অভিভূত করবে।
JORGE	হরহে
Do I need to impress her? I...I just want to get to know her.	আমার কি তাকে অভিভূত করা দরকার? আমি... আমি শুধু তাকে জানতে চাই।
ABDUL	আবদুল
There's time for that later. First, you have to look good. Women like a well-dressed man. [laughs] That's better. You need to look like one of our customers. Like you belong here. Guys, come over here. Look at Jorge. He's got a date. He needs some help.	সেটার জন্য পরে সময় পাবে। প্রথমে, তোমাকে দেখতে সুন্দর হতে হবে। মেয়েরা সুন্দর পোশাক পরা ছেলে পছন্দ করে। [হাসি]এটা ভালো হয়েছে। তোমাকে দেখতে আমাদের একজন কাস্টমারের মত হওয়া চাই। যেন তুমি এখানে মানানসই হও। এই তোমরা, এদিকে আসো। হরহেকে দেখো। ওর একটা ডেট আছে। ওর কিছু সাহায্য দরকার।
SUE	সু
Your belt. Where's your belt?	তোমার বেল্ট। তোমার বেল্ট কোথায়?
ROSE	রোজ
The dress is nice. But for your first date, you need something extra. Where did you say you were going?	ডেসটা চমৎকার। কিন্তু তোমার প্রথম ডেটের জন্য, তোমার বাড়তি কিছু দরকার। তুমি কোথায় যাবে বলছিলে?
SOPHIE	সোফি
I don't know. A fancy restaurant. Somewhere on Madison Avenue. In Manhattan.	আমি জানি না। একটা অভিজাত রেস্টুরেন্টে। কোথাও ম্যাডিসন অ্যাভিনিউতে। ম্যানহাটানে।
ROSE	রোজ
If he can afford to take you there he must be rich!	তোমাকে সেখানে নিয়ে যাওয়ার সামর্থ্য রাখলে সে অবশ্যই বড়লোক!
ROSE	রোজ
Ladies, come over here. Look at Sophie. She's got a date.	সবাই, এখানে এসো। সোফিকে দেখো। তার ডেট আছে।



Rose



Sue



Sophie

NAIL SALON STAFF	নেইল সেলুনের কর্মীরা
[laughter] Wow, that's great! Wow, wow!	[হাসি] ওয়াও, চমৎকার! ওয়াও, ওয়াও!
ROSE	রোজ
We need to help her out.	আমাদের ওকে সাহায্য করা দরকার।
SUE	সু
Now you look like one of our customers.	এখন তোমাকে দেখতে আমাদের একজন কাস্টমারের মত লাগছে।
SOPHIE	সোফি
I don't know if I can do this.	আমি জানি না আমি এটা করতে পারবো কিনা।
ROSE	রোজ
Just act like you belong there. Look at the other people around you. See what they do. Oh! And order bottled water. Rich people drink bottled water. With bubbles!	ভাব করবে যেন তুমি সেখানেই মানানসই। চারপাশে লোকজনের দিকে তাকাবে। কী করে দেখবে। ওহ! বোতলের পানির অর্ডার দেবে। বড়লোকেরা বোতলের পানি খায়। বুদ্বুদ সহ!
FEMALE SALON STAFF	সেলুনের মহিলা কর্মী
[giggling, laughter]	[ফিকফিক করে হাসি, সশব্দে হাসি]
SOPHIE	সোফি
Okay. Water with bubbles. What else?	ওকে। বুদ্বুদ সহ পানি। আরি কিছু?
ROSE	রোজ
Oh, and when the bill comes, offer to pay.	ওহ, আর যখন বিল আসবে, তুমি দেয়ার প্রস্তাব দিও।
SOPHIE	সোফি
Pay? I can't do that. I can't afford it.	বিল? আমি ওটা করতে পারবো না। আমার সামর্থ্যে কুলাবে না।
ROSE	রোজ
Don't worry. He won't let you. But you'll look good. Very rich. Very smart. In control.	চিন্তা করো না। সে তোমাকে দিতে দেবে না। কিন্তু তোমাকে ভালো দেখাবে। খুব বড়লোক। খুব স্মার্ট। তুমিই নিয়ন্ত্রণে।
SOPHIE	সোফি
Okay. Smart. Rich. In control. [sigh] Are you sure I can do this?	ওকে। স্মার্ট। বড়লোক। আমিই নিয়ন্ত্রণে। [দীর্ঘশ্বাস] তুমি নিশ্চিত যে আমি এটা করতে পারবো?
ROSE	রোজ
Of course!	অবশ্যই!
SUE	সু
We are a real team here. Everyone gets training, so nobody gets hurt. We all work together. We all take care of each other.	আমরা এখানে একটা সত্যিকারের দল। সবাই প্রশিক্ষণ পায়, যাতে কেউ আঘাত না পায়। আমরা সবাই একসাথে কাজ করি। আমরা সবাই একে অপরের দিকে খেয়াল রাখি।



Sue



Jorge



Abdul



Sophie

SUE	সু
[lip smack] Everyone gets paid what they are supposed to get paid. Cooks, dishwashers, waiters, busboys. Nobody gets cheated. The boss knows what's good for workers is good for business.	[ঠোঁট দিয়ে চুকচুক শব্দ] যার যে পরিমাণ বেতন পাওয়া উচিত সে সেই পরিমাণই পায়। কুক, ডিশ ওয়াশার, ওয়েটার, বাস বয়। কেউ প্রতারণিত হয় না। বস জানেন যে কর্মীদের জন্য যা ভালো তা ব্যবসার জন্যেও ভালো।
JORGE	হরহে
So, the manager said that dinner is free. I don't have to pay tonight, right?	তো, ম্যানেজার বলেছেন যে ডিনার ফ্রি। আমাকে আজ রাতে টাকা দিতে হবে না, ঠিক না?
ABDUL	আবদুল
Yeah, yeah, don't worry. He told me it's free. Just sign the check. It will look like you are paying.	হ্যাঁ, হ্যাঁ, চিন্তা করো না। তিনি আমাকে বলেছেন যে এটা ফ্রি। শুধু চেকটাতে সাইন করবে। এতে দেখে মনে হবে তুমি টাকাটা দিচ্ছ।
JORGE	হরহে
[shy sigh] Hello, Sophie. You look very beautiful.	[লজ্জার দীর্ঘশ্বাস] হ্যালো, সোফি। তোমাকে খুব সুন্দর লাগছে।
SOPHIE	সোফি
Thank you, Jorge. You look really nice, too.	ধন্যবাদ, হরহে। তোমাকেও খুব সুন্দর লাগছে [হাসি]।
JORGE & SOPHIE	হরহে ও সোফি
[shy laughter]	[লজ্জার হাসি]
ABDUL	আবদুল
Your table is ready, Mr. Ortega. Enjoy.	আপনার টেবিল তৈরি, মি. ওর্টেগা। উপভোগ করুন।
JORGE & SOPHIE	হরহে ও সোফি
Thank you. Thank you.	ধন্যবাদ। ধন্যবাদ।
JORGE	হরহে
Good choice.	ভালো পছন্দ।
SOPHIE	সোফি
So, Jorge, how long have you lived in New York City?	তো, হরহে, তুমি কত দিন ধরে নিউ ইয়র্ক সিটিতে আছ?
JORGE	হরহে
Me? Oh, about two years.	আমি? ওহ, প্রায় দুই বছর।
SOPHIE	সোফি
Only two years? Well. You are so successful. It didn't take you long.	মাত্র দুই বছর? আচ্ছা। তুমি এত সফল। খুব একটা বেশি সময় লাগেনি।
JORGE	হরহে
Yes, well, ah [lip smack] I know how to take care of my money.	হ্যাঁ, আসলে, আহ [ঠোঁট দিয়ে চুকচুক শব্দ] আমি জানি যে কীভাবে আমার টাকার যত্ন নিতে হয়।



Sue



Sophie



Abdul



Jorge

SOPHIE	সোফি
Oh, yes ... that is important. I'm so unhappy with my bank. They are not ... um ... giving me the service that I want. I'm sure you have a very good bank.	ওহ, হ্যাঁ ... সেটা গুরুত্বপূর্ণ। আমি আমার ব্যাংক নিয়ে খুবই অখুশি। তারা আমাকে ... উম ... আমার চাহিদামত সার্ভিস দিচ্ছে না। আমি নিশ্চিত তোমার খুব ভালো একটা ব্যাংক আছে।
JORGE	হরহে
[snickers into glass]	[গ্লাসের মধ্য দিয়ে চাপা হাসি]
SOPHIE	সোফি
Which bank do you use?	তুমি কোন ব্যাংক ব্যবহার করো?
JORGE	হরহে
[chokes on water, coughs] Uh. Um. I'm sorry. I'm...I'll be right back [coughing]	[পানিতে শ্বাসরুদ্ধকর অবস্থা, কাশি] আহ। উম। আমি দুঃখিত। আমি... আমি এখুনি আসছি [কাশি]
JORGE	হরহে
Abdul, you've got to help me. She just asked me about my bank!	আবদুল, তুমি আমাকে সাহায্য করতে হবে। সে আমার ব্যাংক সম্পর্কে জিজ্ঞেস করেছে!
ABDUL	আবদুল
Your bank?!	তোমার ব্যাংক?!
JORGE	হরহে
Wha...what...what do I do? Wh...what do I tell her? She thinks I'm rich!	কী... কী... কী করবো আমি? কী... কী বলবো তাকে? সে ভাবছে আমি বড়লোক!
ABDUL	আবদুল
Don't worry. Tell her you have an account. A checking account!	চিন্তা করো না। তাকে বলো তোমার একটা অ্যাকাউন্ট আছে। চেকিং অ্যাকাউন্ট!
SUE	সু
Tell her you have two accounts. A checking account and a savings account.	তাকে বলো তোমার দু'টো অ্যাকাউন্ট আছে। চেকিং অ্যাকাউন্ট আর সেভিংস অ্যাকাউন্ট।
ABDUL	আবদুল
Jorge, change the subject. Tell her you don't like talking about business at the dinner table.	হরহে, বিষয়টা পরিবর্তন করো। তাকে বলো তুমি ডিনার টেবিলে ব্যবসা সম্পর্কিত কথা বার্তা পছন্দ করো না।
SUE	সু
Yes, but tell her you'll talk about it another time.	হ্যাঁ, তাকে বলো যে তুমি অন্য সময়ে এই বিষয়ে কথা বলবে।
SOPHIE	সোফি
Why don't I pay the check?	বরং বিলের টাকাটা আমি দিই?



Abdul



Jorge



Sophie



Rose



Sue

JORGE	হরহে
I insist. Please let me pay. They know me here!	আমি চাইছি। প্লিজ আমাকে দিতে দাও। এরা আমাকে চেনে!
SOPHIE	সোফি
You are such a gentleman.	তুমি না খুব ভদ্র।
JORGE	হরহে
[laughs]	[হাসি]
JORGE	হরহে
And then, she tried to pay the check. She must be rich! And she thinks I'm rich. Hei yei yei yei... I promised to take her to my bank next week. I don't even have a bank account.	আর তারপর, ও বিলের টাকাটা দেয়ার চেষ্টা করেছিল। ও মনে হয় বড়লোক! আর ও ভাবছে আমি বড়লোক! হেই এই এই এই... আমি কথা দিয়েছি আগামী সপ্তাহে তাকে আমার ব্যাংকে নিয়ে যাবো। আমারতো একটা ব্যাংক অ্যাকাউন্টও নেই।
SUE	সু
You are going to a bank on your next date?! [laughs]	তুমি তোমার পরের ডেটে একটা ব্যাংকে যাচ্ছ?! [হাসি]
JORGE	হরহে
I don't know how I got into this.	জানি না কীভাবে এর মধ্যে জড়ালাম।
ABDUL	আবদুল
Jorge, relax. It's not a big deal. The date was a success. That's the important thing.	হরহে, শান্ত হও। এটা কোনো বড় বিষয় না। তোমার ডেট সফল হয়েছে। এটাই গুরুত্বপূর্ণ বিষয়।
JORGE	হরহে
Don't you understand? I need a bank account.	তুমি কি বুঝতে পারছ না? আমার একটা ব্যাংক অ্যাকাউন্ট দরকার।
SOPHIE	সোফি
I can't believe what I said. I started to talk about banks. Who talks about banks on a date?!	আমি বিশ্বাস করতে পারছি না আমি কী বলেছি। আমি ব্যাংক সম্পর্কে কথা বলতে শুরু করি। কে ডেটে গিয়ে ব্যাংক নিয়ে কথা বলে?!
ROSE	রোজ
See, I told you he was rich. It's not a big deal. The date was a success. That's the important thing.	দেখ, আমি তোমাকে বলেছিলাম সে বড়লোক। এটা কোনো বড় বিষয় না। তোমার ডেট সফল হয়েছে। এটাই গুরুত্বপূর্ণ বিষয়।
SOPHIE	সোফি
A success?	সফল হয়েছে?



Abdul



Jorge



Sophie



Rose



Sue

JORGE	হরহে
You have to help me. You have to open a bank account for me.	তুমি আমাকে সাহায্য করতে হবে। তুমি আমার জন্য একটা ব্যাংক অ্যাকাউন্ট খুলে দিতে হবে।
ABDUL	আবদুল
What? No way. You have to open your own account. You have to do it yourself.	কী? কোনোভাবেই না। তোমাকে তোমার নিজের অ্যাকাউন্ট খুলে নিতে হবে। তোমার নিজেকেই করতে হবে।
SUE	সু
Yeah, remember Carlos?	হ্যাঁ, কার্লোসের কথা মনে আছে?
JORGE	হরহে
Umm hmm	উমম হুমম
SUE	সু
A lawyer said he would open a bank account for him. But, the guy lied, took the money and disappeared.	এক উকিল বলেছিল সে তার জন্য একটা ব্যাংক অ্যাকাউন্ট খুলে দেবে। কিন্তু লোকটা মিথ্যা বলেছিল, সে টাকাগুলো নিয়ে হাওয়া হয়ে যায়।
JORGE	হরহে
But, banks can take your money, too. My sister had a bank account. Every month, it was the same thing. They take a little for this, a little for that...	কিন্তু ব্যাংকও তোমার টাকা নিয়ে যেতে পারে, ঠিক? আমার বোনের একটা ব্যাংক অ্যাকাউন্ট ছিল। প্রতি মাসে, সেই একই জিনিস। তারা এটার জন্য কিছু নেয়, ওটার জন্য কিছু নেয়...
ABDUL	আবদুল
Well, not all banks are the same. You've got to ask questions. You don't have to put your money in the first bank you go to.	আসলে, সব ব্যাংক এক রকম না। তোমাকে প্রশ্ন জিজ্ঞেস করতে হবে। তুমি প্রথম যে ব্যাংকে যাবে সেখানেই যে টাকা রাখতে হবে এমন ত না।
JORGE	হরহে
Banks are too... complicated. I deal with money fine. I do it my way.	ব্যাংকগুলো... খুবই জটিল। আমি ভালোভাবেই টাকার ব্যবস্থা করি। আমি নিজস্ব পদ্ধতিতে এটা করি।
ABDUL	আবদুল
Like what? You put your money under the bed? [deep breathing] Jorge, come with me. We'll go shopping for a good bank.	কেমন করে? তুমি তোমার টাকা বিছানার নিচে রাখ? [গভীর শ্বাস] হরহে, আমার সাথে এসো। আমরা যাই চেনা ভালো ব্যাংকের খোঁজে।
ROSE	রোজ
What do you do with your checks?	তোমার চেকগুলো নিয়ে তুমি কী কর?
SOPHIE	সোফি
Oh, I go to the check-cashing place on the corner.	ওহ, আমি চেক ক্যাশিং এর জায়গায় যাই কোনার দোকানে।



Sophie



Rose



Jorge



Abdul

ROSE	রোজ
That place? You know how much they charge? At my bank, I cash checks for free.	ওই জায়গায়? তুমি জানো তারা কত চার্জ করে? আমার ব্যাংকে, আমি বিনাপয়সায় চেক ভাঙাই।
SOPHIE	সোফি
For free?	বিনাপয়সায়?
ROSE	রোজ
Yes, free.	হ্যাঁ, বিনাপয়সায়।
ROSE	রোজ
And when I get paid, the money goes right into my account. The boss does it for anyone who works here and has a bank account. It's safe, and it saves time.	আর যখন আমি বেতন পাই, টাকাটা সরাসরি আমার অ্যাকাউন্টে জমা হয়। এখানে যাদের ব্যাংকে অ্যাকাউন্ট আছে বস তাদের জন্য এটা করেন। এটা নিরাপদ, আর এতে সময় বাঁচে।
SOPHIE	সোফি
But at the check-cashing place, I can send money home to my mother in Haiti.	কিন্তু চেক ক্যাশিং, আমি হাইতিতে আমার মাকে টাকা পাঠাতে পারি।
ROSE	রোজ
I can do that at my bank, too.	আমার ব্যাংকেও আমি এটা করতে পারি।
SOPHIE	সোফি
I don't know. I heard it was hard for immigrants to open bank accounts. Where do I start? I don't even know what to ask.	আমি জানি না। আমি শুনেছি অভিবাসীদের জন্য ব্যাংক অ্যাকাউন্ট খোলা কঠিন। কোথায় শুরু করবো? আমি জানিওনা কী জিজ্ঞেস করতে হবে।
ROSE	রোজ
Come with me after work. I will help you. That's what friends are for.	কাজের পর আমার সাথে এসো। আমি তোমাকে সাহায্য করবো। বন্ধুরা আছে তো এই জন্যই।
JORGE	হরহে
Ha...how do I look?	হাহ... আমাকে কেমন দেখাচ্ছে?
ABDUL	আবদুল
Take it easy. You're looking for a bank. You're not going on a date with Sophie. Don't worry. I'll ask all the questions. I know what I'm doing.	শান্ত হও। তুমি একটা ব্যাংক খুঁজছো। তুমি সোফির সাথে ডেটিংয়ে যাচ্ছ না। চিন্তা করো না। আমি সব প্রশ্ন জিজ্ঞেস করবো। আমি জানি আমি কী করছি।



Bank Clerk



Abdul



Jorge



Rose



Sophie

JORGE	হরহে
[heavy sigh]	[ভারী দীর্ঘশ্বাস]
SOPHIE	সোফি
You're right. This bank is better than the other two we saw. I like what the woman here said about saving money for the future.	তুমি ঠিক বলেছ। আমরা অন্য যে দু'টো ব্যাংক দেখেছি তারচেয়ে এই ব্যাংকটি ভালো। টাকা সঞ্চয় সম্পর্কে মহিলা যা বলেছেন তা আমার পছন্দ হয়েছে।
ROSE	রোজ
And saving in case something bad happens ... if the nail salon closes or if your family needs money. It's good to know that your money is there.	আর সঞ্চয় করা যদি খারাপ কিছু ঘটে ... যদি নেইল সেলুন বন্ধ হয়ে যায় অথবা যদি তোমার পরিবারের টাকার দরকার হয়। তোমার টাকা সেখানে আছে এটা জানা থাকা ভালো।
JORGE	হরহে
I've never done this before.	আমি আগে কখনো এটা করিনি।
ABDUL	আবদুল
I know you haven't...OK, just relax...everything is going to be fine...just stop worrying, OK? I know what I am doing, trust me!	আমি জানি তুমি করনি... ঠিক আছে, শুধু শান্ত থাকো... সবকিছু ঠিক মত হবে... শুধু চিন্তা করা বন্ধ করো, ঠিক আছে? আমি জানি আমি কী করছি, আমার ওপর বিশ্বাস রাখ!
BANK LADY	ব্যাংকের মহিলা কর্মী
Yes? Can I help you?	বলুন? আমি কি সাহায্য করতে পারি?
ABDUL	আবদুল
Hmm ...ahmmm, [clears throat]... Yes! ahmmm [clears throat]	হুম ... আহমমম, [গলা পরিষ্কার করা]... হ্যাঁ! আহমমম [গলা পরিষ্কার করা]
JORGE	হরহে
My, ah, my friend brought me here to open an account.	আমার, আহ, আমার বন্ধু আমাকে এখানে নিয়ে এসেছে একটা অ্যাকাউন্ট খোলার জন্য।
BANK LADY	ব্যাংকের মহিলা কর্মী
That is very good. Do you know what kind of account?	খুব ভালো কথা। আপনি জানেন কি ধরনের অ্যাকাউন্ট?
ABDUL	আবদুল
Oh, ei, ah...yeah, ah...I Oh, this bank! I love this bank!	ওহ, এহ, আহ... হ্যাঁ, আহ... আমি আহ, এই ব্যাংক! আমি এই ব্যাংকটা ভালোবাসি!
BANK LADY	ব্যাংকের মহিলা কর্মী
What?	কী?
JORGE	হরহে
Um...I would like to ask some questions.	উম... আমি কিছু প্রশ্ন জিজ্ঞেস করতে চাই।
ROSE	রোজ
Do you know what this means?	তুমি কি জান এর অর্থ কী?



Bank Clerk



Abdul



Jorge



Rose



Sophie

ROSE	রোজ
FDIC. It means your money is safe. If the bank burns down or if it gets robbed, your money ...	এফডিআইসি। এর অর্থ হচ্ছে তোমার টাকা নিরাপদ। যদি ব্যাংক পুড়ে যায় অথবা যদি এখানে ডাকাতি হয়, তোমার টাকা ...
SOPHIE	সোফি
... is still safe!	... তারপরও নিরাপদ থাকবে!
ROSE	রোজ
Yes! The government will protect your money.	হ্যাঁ! সরকার তোমার টাকার নিরাপত্তা দেবে।
JORGE	হরহে
What kind of accounts do you have?	আপনাদের কোন ধরনের অ্যাকাউন্ট আছে?
BANK LADY	ব্যাংকের মহিলা কর্মী
We offer checking accounts, to pay your bills. Then, there are savings accounts, to save for the future... if you want to buy a house, or ...	আমরা চেকিং অ্যাকাউন্ট অফার করি, আপনার বিল দেয়ার জন্য। তারপর, সেভিংস অ্যাকাউন্ট আছে, ভবিষ্যতের জন্য সঞ্চয় করার জন্য... যদি আপনি বাড়ি কিনতে চান, অথবা ...
JORGE	হরহে
Or open my own business?	অথবা নিজের ব্যবসা খোলার জন্য?
BANK LADY	ব্যাংকের মহিলা কর্মী
Exactly. Lots of immigrants do.	একদম ঠিক। অনেক অভিবাসীই করেন।
JORGE	হরহে
Does it cost me anything to keep my money here?	এখানে আমার টাকা রাখার জন্য কোনো ফি দিতে হবে?
BANK LADY	ব্যাংকের মহিলা কর্মী
Well, there are some fees. It depends on the kind of account.	আসলে, কিছু ফি আছে। এটা নির্ভর করে অ্যাকাউন্টের ধরনের ওপর।
JORGE	হরহে
Do you have something simple, with no fees, that doesn't cost me anything?	আপনাদের কি সাধারণ কিছু আছে, যার কোনো ফি নেই, যার জন্য আমাকে কোনো ফি দিতে হবে না?
BANK LADY	ব্যাংকের মহিলা কর্মী
Good question. We have a basic bank account, which costs a few dollars each month. It's a good choice for many people. Every bank should have one.	ভালো প্রশ্ন। আমাদের একটা বেসিক ব্যাংক অ্যাকাউন্ট আছে, যার জন্য প্রতি মাসে অল্প কিছু ডলার দিতে হবে। এটা অনেক লোকের জন্য একটা ভালো পছন্দ। প্রতি ব্যাংকে এটা আছে।
JORGE	হরহে
Abdul, what do you think?	আবদুল, তোমার কী মনে হয়?
ABDUL	আবদুল
Maybe I should open an account here.	আমার হয়তো এখানে একটা অ্যাকাউন্ট খোলা উচিত।



Bank Lady



Abdul



Sue



Jorge

BANK LADY	ব্যাংকের মহিলা কর্মী
Well, we would take very good care of your money...	ভালো, আমরা আপনার টাকার খুব ভালো যত্ন নেব...
JORGE	হরহে
Ta-da! I opened a bank account. Now look what I can get.	টা-রা! আমি একটা ব্যাংক অ্যাকাউন্ট খুলেছি। এখন দেখ আমি কী পেতে পারি।
SUE	সু
What's that?	ওটা কী?
JORGE	হরহে
I don't have to pretend to be rich. With this, I can get \$5,000.	আমাকে বড়লোক হওয়ার ভান করতে হবে না। এটা দিয়ে আমি পাব পাঁচ হাজার ডলার।
SUE	সু
What are you talking about? This is for a credit card! You think those people are giving you money?	তুমি কী যা তা বলছো? এটা ক্রেডিট কার্ডের জন্য! তুমি ভাবছো ওই লোকগুলো তোমাকে টাকা দিচ্ছে?
JORGE	হরহে
Of course not. I know I have to pay it back. But I can do it little by little.	অবশ্যই না। আমি জানি আমাকে টাকাটা ফেরত দিতে হবে। কিন্তু দিতে হবে একটু একটু করে।
SUE	সু
You can get into a lot of trouble with a credit card. When you buy things on credit, you have to pay it back right away. All at once. If you don't have the money, ... they charge you extra and extra and you have to pay more and more and more. Before you know it, a \$200 television will cost you \$500 or more!	ক্রেডিট কার্ড নিয়ে তুমি অনেক সমস্যায় পড়তে পারো। যখন তুমি ক্রেডিট কার্ডে কিছু কিনবে, তোমাকে সাথে সাথে এই টাকা ফেরত দিতে হবে। পুরোটা এক সাথে। যদি তোমার কাছে টাকা না থাকে, ... ওরা তোমাকে বেশি চার্জ করবে আরো বেশি এবং তোমাকে বেশি টাকা দিতে হবে এবং আরো বেশি এবং আরো বেশি। তুমি জানার আগেই, ২০০ ডলারের একটা টেলিভিশনের জন্য তোমার খরচ পড়বে ৫০০ ডলার বা আরো বেশি!
JORGE	হরহে
Really? That much?	সত্যি? এতো বেশি?
SUE	সু
Yup! It's money in the garbage. Forget the credit card. Don't spend more than you have. Sophie will love you for who you are. Even if she is rich.	হ্যাঁ! এটা টাকা গার্বেজে ফেলা। ক্রেডিট কার্ডের কথা ভুলে যাও। তুমি দরকারের বেশি খরচ করো না। তুমি যা, তার জন্যই সোফি তোমাকে ভালোবাসবে। এমনকি সে বড়লোক হলেও।



Sue



Abdul



Jorge



Sophie

ABDUL	আবদুল
Ta-da! Check this out. I just got it from my cousin. It's a way to get money back from taxes. Our money. She got \$400 back! It's called Earned Income Tax Credit.	টা-ডা! এটা দেখ। এইমাত্র আমার কাজিনের কাছ থেকে পেয়েছি। এটা ট্যাক্সের টাকা ফেরত পাওয়ার একটা উপায়। আমাদের টাকা। সে চারশ' ডলার ফেরত পেয়েছে! একে বলা হয় অর্জিত আয়কর ক্রেডিট।
SUE	সু
How much does it cost?	কত? এতে খরচ কত?
ABDUL	আবদুল
It's free! No fee! Call 311. They'll tell you how to get it.	এটা ফ্রি! কোনো ফি নেই! 311 এ ফোন করো। তারা তোমাকে বলবে কীভাবে এটা পেতে হয়।
JORGE	হরহে
Earned Income Tax Credit. Call 3-1-1?	অর্জিত আয়কর ক্রেডিট। থ্রি-ওয়ান-ওয়ান এ ফোন করবো?
ABDUL	আবদুল
3-1-1	থ্রি-ওয়ান-ওয়ান
JORGE	হরহে
[kisses Sue on cheek]	[সু-এর গালে চুমো খায়]
SUE	সু
[giggles]	[ফিকফিকে হাসি]
JORGE	হরহে
[laughs] This is great. I love this park. And being here with you, Sophie ... For me, this is ... perfect.	[হাসি] এটা চমৎকার। পার্কটা আমার খুব ভালো লাগে। আর তোমার সাথে এখানে এসে, সোফি ... আমার জন্য, এটা ... অসাধারণ।
SOPHIE	সোফি
I feel that way too, Jorge.	আমারও সেরকম মনে হচ্ছে, হরহে।
JORGE	হরহে
Are you sure you wouldn't prefer a fancy restaurant?	তুমি কি নিশ্চিত যে তুমি একটা অভিজাত রেস্টুরেন্ট বেশি পছন্দ করবে না?
SOPHIE	সোফি
No. [laughs] Are you sure you wouldn't prefer that? I thought you went to that fancy restaurant all the time.	না। [হাসি] তুমি কি সেটা বেশি পছন্দ করবে না? আমি ভেবেছিলাম তুমি সব সময় ওই অভিজাত রেস্টুরেন্টে যাও।
JORGE	হরহে
[sighs] Well, I do go there all the time. I ... I work there.	[দীর্ঘশ্বাস] আসলে, আমি... সে জায়গায় সব সময়ই যাই। আমি ... আমি সেখানে কাজ করি।



Jorge



Sophie

SOPHIE	সোফি
I was wondering ...	আমি ভাবছিলাম ...
JORGE	হরহে
Are you disappointed?	তুমি কি হতাশ হয়েছ?
SOPHIE	সোফি
No! I'm happy! I don't have a lot of money either. [laughs] I work at a nail salon. [Laughs]	না! আমি খুশি! আমারও খুব বেশি টাকা নেই। [হাসি] আমি একটা নেইল সেলুনে কাজ করি। [হাসি]
JORGE	হরহে
[laughs]	[হাসি]
SOPHIE	সোফি
What about our talk about banks? You knew so much.	আমাদের ব্যাংকের আলোচনার ব্যাপারটা ছিল? তুমি অনেক জানতে।
JORGE	হরহে
I made it up to impress you! So you would like me. I didn't even have a bank account. I just got one ... two days ago. My friend at the restaurant helped me.	তোমাকে অভিভূত করার জন্য আমি ওটা বানিয়েছিলাম! যাতে তুমি আমাকে পছন্দ করো। এমনকি আমার কোনো ব্যাংক অ্যাকাউন্টও ছিল না। আমি একটা খুলেছি মাত্র ... দুই দিন আগে। আমার রেস্টুরেন্টের বন্ধু আমাকে সাহায্য করেছে।
SOPHIE	সোফি
Really? My friend at work helped me open a bank account, too....[laughs]	সত্যি? আমাকেও আমার কাজের জায়গার বন্ধু ব্যাংক অ্যাকাউন্ট খুলতে সাহায্য করেছে ... [হাসি]
JORGE	হরহে
[smacks lips]... Maybe we don't have a lot of money. But ...ah	[ঠোঁট দিয়ে চুক চুক শব্দ]... হয়তো আমাদের খুব বেশি টাকা নেই। কিন্তু, ...আহ
SOPHIE	সোফি
At least we have good friends.	আমাদের অন্ততঃ ভালো বন্ধু আছে।
JORGE	হরহে
[chuckles in agreement]	[সম্মতি জানিয়ে চাপা হাসি]
SOPHIE	সোফি
It looks like we both found out a lot.	মনে হচ্ছে আমরা উভয়েই অনেক কিছু জেনেছি।
JORGE	হরহে
About banks? [laughs]	ব্যাংক সম্পর্কে? [হাসি]
SOPHIE	সোফি
I really like you, Jorge.	তোমাকে খুবই পছন্দ করি, হরহে।
JORGE	হরহে
I really like you, too.	আমারও তোমাকে খুব পছন্দ।



Jorge



Sophie

SOPHIE	সোফি
You know? That's my bank.	তুমি জানো? ওটা আমার ব্যাংক।
JORGE	হরহে
[laughs] That's my bank, too!	[হাসি] ওটা আমারও ব্যাংক!
SOPHIE	সোফি
[LAUGHS]	[হাসি]
SOPHIE & JORGE	সোফি ও হরহে
[laughing]	[হাসি]
OS TEXT	OS TEXT
Want to learn how to open you own bank account?	আপনার নিজের ব্যাংক অ্যাকাউন্ট কীভাবে খুলতে হয় তা জানতে চান?
Call 311 or visit the Department of Consumer Affairs Office of Financial Empowerment www.nyc.gov/ofe	311 এ ফোন করুন অথবা দেখুন ডিপার্টমেন্ট অব কনজুমার অ্যাফেয়ার্স অফিস অব ফিন্যানশিয়াল এমপাওয়ারমেন্ট www.nyc.gov/ofe